পাঠ ১৫

হাসি

রোকনুজ্জামান খান

পাঠের মূলকথা

আমরা চারপাশে তাকালেই নানা রকম হাসি দেখতে পাই। তাই 'কেউ হাসতে জানে না' একথা ঠিক নয়। এই যেমন ফোকলা দাঁতের খোকনের হাসি, তার সাথে সাথে চাঁদের হাসি, কাজল বিলে ফুটে থাকা শাপলা ফুলের হাসি, মাঠের সবুজ ঘাসের হাসি। খলসে মাছের হাসি দেখে পাতিহাঁসও হাসে। রাঙা ঠোঁটে টিয়ে পাখিও হাসে। তেমনই দোয়েল, কোয়েল, ময়না, শ্যামা সবাই হাসতে চায়। বোয়াল মাছ যখন জলে হেসে ওঠে তা দেখেও আমাদের পিলে চমকে যায়। চারপাশের এতসব হাসি দেখেও যারা না হেসে মুখ গোমড়া করে রাখে তাদের দেখে প্যাঁচার মুখেও হাসি চলে আসে।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/মতামত লিখে প্রকাশ করতে পারা।

পিরিয়ড সংখ্যা : ৫

পিরিয়ড বিভাজন :

পিরিয়ড-৬৫	হাসতে নাকি ..... হাসেন পাতিহাঁস।
পিরিয়ড-৬৬	হাসতে নাকি ..... হাসেন পাতিহাঁস।
পিরিয়ড-৬৭	হাসতে নাকি ..... পিলে চমকে যায়।
পিরিয়ড-৬৮	সম্পূর্ণ কবিতা
পিরিয়ড-৬৯	সম্পূর্ণ কবিতা

[সূত্র : শিক্ষক সহায়িকা]

বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

ফোকলা	দাঁত	চাঁদ	কাজল	সবুজ	ঘাস	খলসে	পাঁতিহাস	ঠোঁটে	শ্যামা
বোয়াল	পিলে	গোমড়া	প্যাঁচার						

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬

ফোকলা, বিল, রাঙা, গোমড়া, খবর।

উত্তর :

ফোকলা — দাঁতহীন।
বিল — স্রোতহীন জলাশয়।
রাঙা — রঙিন।
গোমড়া — গম্ভীর।
খবর — সংবাদ।

২ বাক্য লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬

খবর .....
ফোকলা .....
রাঙা .....
গোমড়া .....

উত্তর :

খবর — আমি টেলিভিশনে খবর দেখি ও শুনি।
ফোকলা — ফোকলা দাঁতে শিশু হাসে।
রাঙা — টিয়ে রাঙা ঠোঁটে হাসে।
গোমড়া — সে গোমড়া মুখে বসে আছে।

৩ বাম পাশের সাথে ডান পাশের মিল করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬

খোকন হাসে	রাঙা ঠোঁটে।
চাঁদ হাসে	শাপলা হাসে।
কাজল বিলে	হাসেন পাতিহাঁস।
টিয়ে হাসে	ফোকলা দাঁতে।
খলসে মাছের হাসি দেখে	খোকনের সাথে।

উত্তর :

খোকন হাসে	ফোকলা দাঁতে।
চাঁদ হাসে	খোকনের সাথে।
কাজল বিলে	শাপলা হাসে।
টিয়ে হাসে	রাঙা ঠোঁটে।
খলসে মাছের হাসি দেখে	হাসেন পাতিহাঁস।

২ চলো, পারি কি না দেখি

৪ ডান পাশ থেকে শব্দ এনে খালি জায়গা পূরণ করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬

ক. এই শোন না কত হাসির ——— বলে যাই।
খ. ——— হাসে তার সাথে সাথে।
গ. টিয়ে হাসে ——— ঠোঁটে।
ঘ. বোয়াল মাছের দেখলে হাসি ——— চমকে যায়।
ঙ. তাদের দেখে ——— মুখেও কেবল হাসি পায়।

পিলে
পেঁচার
চাঁদ
খবর
রাঙা

উত্তর :

ক. এই শোন না কত হাসির খবর বলে যাই।
খ. চাঁদ হাসে তার সাথে সাথে।
গ. টিয়ে হাসে রাঙা ঠোঁটে।
ঘ. বোয়াল মাছের দেখলে হাসি পিলে চমকে যায়।
ঙ. তাদের দেখে পেঁচার মুখেও কেবল হাসি পায়।

৫ কবিতাটি থেকে চন্দ্রবিন্দু (ঁ) যুক্ত শব্দগুলো বাছাই করে নিচে লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৭

উত্তর :

দাঁত, চাঁদ, পাতিহাঁস, ঠোঁট, প্যাঁচা

৬ কবিতাটি না দেখে বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৭

উত্তর : নিজে চেষ্টা করি।

৭ উত্তর বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৭

প্রশ্ন ক. খোকন কীভাবে হাসে?
উত্তর : খোকন ফোকলা দাঁতে হাসে।

প্রশ্ন খ. কাজল বিলে কে হাসে?
উত্তর : কাজল বিলে শাপলা হাসে।

প্রশ্ন গ. কার হাসি দেখে পিলে চমকে যায়?
উত্তর : বোয়াল মাছের হাসি দেখে পিলে চমকে যায়।

প্রশ্ন ঘ. কাদের দেখে পেঁচার মুখে হাসি পায়?
উত্তর : যারা গোমড়া মুখে তাকায়, তাদের দেখে পেঁচার মুখে হাসি পায়।

প্রশ্ন ঙ. খলসে মাছের হাসি দেখে কে হাসে?
উত্তর : খলসে মাছের হাসি দেখে পাতিহাঁস হাসে।

৮ পাঁচটি পাখি ও পাঁচটি মাছের নাম লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৭

উত্তর : পাঁচটি পাখির নাম : দোয়েল, কোয়েল, শ্যামা, ময়না ও টিয়ে।
পাঁচটি মাছের নাম : ইলিশ, রুই, কাতল, খলসে ও বোয়াল।

ছবি দেখে বাক্য বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৭

.....

.....

.....

.....

.....

উত্তর :

আকাশে বাঁকা চাঁদ দেখা যায়।

টিয়ে মানুষের মতো কথা বলতে পারে।

শিশুটি ফোকলা দাঁতে হাসছে।

নদীর বোয়াল খুব সুস্বাদু মাছ।

গোমড়া মুখে শিশুটি তাকিয়ে আছে।

শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

পিরিয়ড ৬৫ হাসতে নাকি ..... হাসেন পাতিহাঁস।

প্রশ্ন ১. নিচের শব্দগুলোর উচ্চারণ লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ফোকলা, কাজল, শাপলা, খলসে, পাতিহাঁস।

উত্তর :

প্রদত্ত শব্দ	উচ্চারণ
ফোকলা	ফোক্‌লা
কাজল	কাজোল্‌
শাপলা	শাপ্‌লা
খলসে	খোল্‌সে
পাতিহাঁস	পাতিহাঁশ্‌

পিরিয়ড ৬৬ হাসতে নাকি ..... হাসেন পাতিহাঁস।

প্রশ্ন ২. কবিতাটি কোন বিষয় নিয়ে লেখা হয়েছে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : কবিতাটি হাসি সম্পর্কে লেখা হয়েছে।

প্রশ্ন ৩. খোকনের হাসির সাথে আর কে হাসে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : খোকনের হাসির সাথে চাঁদ হাসে।

প্রশ্ন ৪. কার হাসি দেখে পাতিহাঁস হাসে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : খলসে মাছের হাসি দেখে পাতিহাঁস হাসে।

প্রশ্ন ৫. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।

ক. চাঁদ হাসে তার সাথে সাথে,
খোকন হাসে ফোকলা দাঁতে
খলসে মাছের হাসি দেখে
হাসেন পাতিহাঁস।
কাজল বিলে শাপলা হাসে
হাসে সবুজ ঘাস,

উত্তর : খোকন হাসে ফোকলা দাঁতে
চাঁদ হাসে তার সাথে সাথে,
কাজল বিলে শাপলা হাসে
হাসে সবুজ ঘাস,
খলসে মাছের হাসি দেখে
হাসেন পাতিহাঁস।

পিরিয়ড ৬৭ হাসতে নাকি ..... পিলে চমকে যায়।

প্রশ্ন ৬. নিচের শব্দগুলোর অর্থ লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

পিলে, চমকে।

উত্তর :

পিলে — অধিকাংশ মেরুদণ্ডী প্রাণীর পাকস্থলীর নিচে বাঁ দিকে অবস্থিত ডিম্বাকৃতি উদরীয় অঙ্গবিশেষ।

চমকে — চমকানো, বিস্ময়ে আঁতকে ওঠা।

প্রশ্ন ৭. 'হাসি' কবিতা সম্পর্কে চারটি বাক্য লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : 'হাসি' কবিতা সম্পর্কে চারটি বাক্য হলো—

ক. খোকন ফোকলা দাঁতে হাসে।
খ. কাজল বিলে শাপলা ফুল হাসে।
গ. মাঠে সবুজ ঘাস হাসে।
ঘ. পাখি ও মাছ সবাই হাসতে চায়।

পিরিয়ড ৬৮ সম্পূর্ণ কবিতা

প্রশ্ন ৮. 'হাসি' কবিতার মূলভাব লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : হাসি হচ্ছে সুখ, আনন্দ ও সুস্থতার প্রতীক। হাসি নানাভাবে আমাদের শরীর গঠনে সাহায্য করে। হাসি আমাদের অনেক দিক দিয়ে সুস্থ রাখতে পারে। হাসি মানসিক চাপ থেকে মুক্তি দেয়। আমরা চারপাশে নানারকম হাসি দেখতে পাই। চারপাশের নানারকম হাসি দেখেও যারা গোমড়া মুখে থাকে তাদের দুঃখযন্ত্রণা থেকেই যায়।

পিরিয়ড ৬৯ সম্পূর্ণ কবিতা

প্রশ্ন ৯. নিচের অংশটিতে ঠিক জায়গায় বিরামচিহ্ন বসাও। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

কী সুন্দর পাখি
দেখে জুড়ায় আঁখি
আঁকব খাতায় পাখি
দেখতে কি চাও তা কি

উত্তর :
কী সুন্দর পাখি!
দেখে জুড়ায় আঁখি,
আঁকব খাতায় পাখি।
দেখতে কি চাও তা কি?

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

প্রশ্ন ১. পাখিগুলোর নাম দিয়ে বাক্য লেখ।

টিয়া, দোয়েল, ময়না, শ্যামা। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

টিয়া	টিয়া রাঙা ঠোঁটে হাসে।
দোয়েল	দোয়েল আমাদের জাতীয় পাখি।
কোয়েল	কোয়েল পাখি হালকা ধূসর বর্ণের।
ময়না	ময়না পাখি কথা বলতে পারে।
শ্যামা	শ্যামা পাখিকে দোয়েলের নিকটাত্মীয় বলা হয়।

প্রশ্ন ২. মাছগুলোর নাম দিয়ে বাক্য লেখ।

খলসে, বোয়াল, রুই, কাতলা, ইলিশ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

খলসে	খলসে মাছ দেখতে চমৎকার।
বোয়াল	বোয়াল মাছ নদীতে পাওয়া যায়।
রুই	রুই মাছ খেতে মজা।
কাতলা	কাতলা মাছের মাথা বড়ো।
ইলিশ	ইলিশ আমাদের জাতীয় মাছ।

বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ৩. শাপলা কোথায় হাসে? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : শাপলা কাজল বিলে হাসে।

প্রশ্ন ৪. কার হাসি তোমার কাছে বেশি ভালো লাগে? কেন? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : আমার কাছে খোকনের হাসি বেশি ভালো লাগে। কেননা সে ফোকলা দাঁতে হাসে।

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

প্রশ্ন ৫. খোকনের সাথে সাথে কে হাসে?

উত্তর : খোকনের সাথে সাথে চাঁদ হাসে।

প্রশ্ন ৬. বিল কী?

উত্তর : স্রোতহীন বড়ো জলাশয়কে বিল বলে।

প্রশ্ন ৭. বোয়াল মাছের হাসি দেখলে কী হয়?

উত্তর : বোয়াল মাছের হাসি দেখলে পিলে চমকে যায়।

পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

প্রশ্ন ৮. পাতিহাঁস কেন হাসেন?

উত্তর : খলসে মাছের হাসি দেখে পাতিহাঁস হাসেন।

প্রশ্ন ৯. বিরামচিহ্ন বসিয়ে কবিতাংশটি লেখ।

টিয়ে হাসে রাঙা ঠোঁটে
ফিঙের মুখেও হাসি ফোটে
দোয়েল কোয়েল ময়না শ্যামা
হাসতে সবাই চায়
বোয়াল মাছের দেখলে হাসি
পিলে চমকে যায়

উত্তর :
টিয়ে হাসে রাঙা ঠোঁটে,
ফিঙের মুখেও হাসি ফোটে,
দোয়েল-কোয়েল-ময়না-শ্যামা
হাসতে সবাই চায়,
বোয়াল মাছের দেখলে হাসি
পিলে চমকে যায়।

প্রশ্ন ১০. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।

ভাই, খবর, চাঁদ, কাজল, রাঙা, ঠোঁট।

উত্তর :

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
ভাই	ভ্রাতা, সহোদর
খবর	সংবাদ, তথ্য
চাঁদ	শশী, শশধর
কাজল	অঞ্জন, কজ্জল
রাঙা	লাল, রাতুল
ঠোঁট	ওষ্ঠ, অধর

প্রশ্ন ১১. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।

হাসি, আসা, জানা, যায়।

উত্তর :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
হাসি	কান্না
আসা	যাওয়া
জানা	অজানা
যায়	আসে

প্রশ্ন ১২. কবিতার পরের চরণটি মিলিয়ে পড়।

এই শোন না, কত হাসির
.....
কাজল বিলে শাপলা হাসে
.....
বোয়াল মাছের দেখলে হাসি
.....

উত্তর :

এই শোন না, কত হাসির
খবর বলে যাই।
.....
কাজল বিলে শাপলা হাসে
হাসে সবুজ ঘাস,
.....
বোয়াল মাছের দেখলে হাসি
পিলে চমকে যায়।
.....

লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

প্রশ্ন ১৩. শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।

শাপলা, ফোকলা, খলসে, সবুজ ঘাস, পাতিহাঁস, চাঁদ, কাজল।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ক. খোকন হাসে ——— দাঁতে।
খ. ——— হাসে তার সাথে সাথে।
গ. ——— বিলে ——— হাসে।
ঘ. হাসে ———।
ঙ. ——— মাছের হাসি দেখে।
চ. হাসেন ———।

উত্তর :

ক. খোকন হাসে ফোকলা দাঁতে।
খ. চাঁদ হাসে তার সাথে সাথে।
গ. কাজল বিলে শাপলা হাসে।
ঘ. হাসে সবুজ ঘাস।
ঙ. খলসে মাছের হাসি দেখে।
চ. হাসেন পাতিহাঁস।

প্রশ্ন ১৪. শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসিয়ে অনুচ্ছেদটি পূরণ কর।

শাপলা, পাতিহাঁস, সবুজ ঘাস, চাঁদ।

আমাদের পুকুরে ——— সাঁতার কাটছে। পুকুরে ফুটেছে ——— ফুল। পুকুরের পাড়ে ———। গোরুগুলো মজা করে তা খাচ্ছে। আজ মেঘলা আকাশ। তাই ——— দেখা যাবে না।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : আমাদের পুকুরে পাতিহাঁস সাঁতার কাটছে। পুকুরে ফুটেছে শাপলা ফুল। পুকুরের পাড়ে সবুজ ঘাস। গোরুগুলো মজা করে তা খাচ্ছে। আজ মেঘলা আকাশ। তাই চাঁদ দেখা যাবে না।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা / নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক	সাহায্য প্রয়োজন	ভালো	উত্তম
পাঠের শব্দ দিয়ে বাক্য তৈরি করতে পেরেছে।			
প্রমিত উচ্চারণে কবিতা সাবলীলভাবে বলতে পেরেছে।			
পাঠ্যপুস্তকের কবিতা প্রমিত উচ্চারণে পড়তে পেরেছে।			

শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক	সাহায্য প্রয়োজন	ভালো	উত্তম
পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ দেখে লিখতে পেরেছে।			
কবিতা শুনে বিষয়বস্তু নিজের মতো করে বলতে পেরেছে।			
স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে।			
কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখতে পেরেছে।			
স্পষ্ট উচ্চারণে কবিতার বিষয়বস্তু বলতে পেরেছে।			
শ্রুতলিপি লিখতে পেরেছে।			
কবিতাটি পড়তে পেরেছে।			
কবিতা না দেখে লিখতে পেরেছে।			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় :.....

শিক্ষার্থীর নাম :..... শ্রেণি :..... রোল নম্বর : ☐

১। ডান পাশ থেকে শব্দ এনে খালি জায়গা পূরণ কর।

ক. এই শোন না কত হাসির ——— বলে যাই। — পিলে

খ. ——— হাসে তার সাথে সাথে। — পেঁচার

গ. টিয়ে হাসে ——— ঠোঁটে। — চাঁদ

ঘ. বোয়াল মাছের দেখলে হাসি ——— চমকে যায়। — খবর

ঙ. তাদের দেখে ——— মুখেও কেবল হাসি পায়। — রাঙা

২। কবিতাটি থেকে চন্দ্রবিন্দু (ঁ) যুক্ত শব্দগুলো বাছাই করে লেখ।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

ক. খোকন কীভাবে হাসে?

খ. কাজল বিলে কে হাসে?

৪। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।

হাসি, আসা, জানা, যায়।

উত্তরমালা

১ ▸ ক. এই শোন না কত হাসির **খবর** বলে যাই।

খ. চাঁদ হাসে তার সাথে সাথে।

গ. টিয়ে হাসে **রাঙা** ঠোঁটে।

ঘ. বোয়াল মাছের দেখলে হাসি **পিলে** চমকে যায়।

ঙ. তাদের দেখে **পেঁচার** মুখেও কেবল হাসি পায়।

২ ▸ দাঁত, চাঁদ, পাতিহাঁস, ঠোঁট, প্যাঁচা।

৩ ▸ ক. খোকন ফোকলা দাঁতে হাসে।

খ. কাজল বিলে শাপলা হাসে।

৪ ▸

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
হাসি	কান্না
আসা	যাওয়া
জানা	অজানা
যায়	আসে

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐